প্রথম আলো

তারিখ ..01 JUL 2015...
পৃষ্ঠা ...৮... কলাম ...২...

# ৯৪ বছর পার করল ঢাকা বিশ্ববিদ্যালয়

## আজ বিশ্ববিদ্যালয় দিবসের প্রতিপাদ্য উচ্চশিক্ষা ও টেকসই উন্নয়ন

বিশ্ববিদ্যালয় প্রতিবেদক ●

আজ ১ জুলাই ঢাকা বিশ্ববিদ্যালয়ের ৯৪তম প্রতিষ্ঠাবার্ষিকী। ১৯২১ সালের এই দিনে প্রতিষ্ঠিত হয়েছিল প্রাচ্যের অক্সফোর্ডখ্যাত এই বিশ্ববিদ্যালয়টি। দিনটি ঢাকা বিশ্ববিদ্যালয় দিবস হিসেবে উদ্‌যাপিত হয়।

এবারের বিশ্ববিদ্যালয় দিবসের মূল প্রতিপাদ্য 'উচ্চশিক্ষা ও টেকসই উন্নয়ন'। এ উপলক্ষে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক আ আ ম স আরেফিন সিদ্দিক শুভেচ্ছাবাণী দিয়েছেন। তিনি বিশ্ববিদ্যালয় পরিবারের সবাইকে বিশ্ববিদ্যালয় দিবস অনুষ্ঠানে অংশগ্রহণের আহ্বান জানান।

সকাল সোয়া ১০টার দিকে বিশ্ববিদ্যালয় দিবসের কর্মসূচির উদ্বোধন করবেন প্রধানমন্ত্রীর আন্তর্জাতিক বিষয়ক উপদেষ্টা গওহর রিজভী। প্রশাসনিক ভবনসংলগ্ন মলচত্বরে জমায়েত হয়ে বিশ্ববিদ্যালয় ও হলসমূহের পতাকা উত্তোলন করা হবে। এরপর একটি শোভাযাত্রা যাবে ছাত্র-শিক্ষক কেন্দ্রে (টিএসসি)। সেখানে বেলা ১১টায় আলোচনা সভা হবে। এ ছাড়া সব অনুষদ, বিভাগ, ইনস্টিটিউট ও হলগুলোর নিজস্ব কর্মসূচি রয়েছে।

১৯২১ সালের এই দিনে ৬০০ একর জমির ওপর তিনটি অনুষদ, ১২টি বিভাগ, ৮৭৭ জন শিক্ষার্থী এবং ৬০ জন শিক্ষক নিয়ে যাত্রা শুরু হয় ঢাকা বিশ্ববিদ্যালয়ের। বর্তমানে ১৩টি অনুষদ, ৮০টি বিভাগ, ৩৭ হাজার ৬৪ জন শিক্ষার্থী এবং ১ হাজার ৯২৬ জন শিক্ষক রয়েছেন।